গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনাগাজী, ফেনী
**(website: sonagazi.feni.gov.bd)**

স্মারক নম্বর : ০৫.২০.৩০৯৪.০০০.১৮.০০৩.২০২৪- ৭৬

তারিখ: ২২ মাঘ ১৪৩০
০৬ ফেব্রুয়ারি ২০২৪

# "হাট বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনাগাজী উপজেলাধীন নিম্ন-তফশীল বর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের ০১ বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র ১৪৩১ পর্যন্ত ০১ বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত সিডিউলে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। শর্তাবলী সম্বলিত দরপত্র সিডিউল দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নোক্ত বাজারের পার্শ্বে বর্ণিত টাকায় নগদ মূল্যে (অফেরতযোগ্য) বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকেই জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী; নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়; সহকারী কমিশনার (ভূমি), সোনাগাজী এর কার্যালয়; অফিসার ইনচার্জ সোনাগাজী মডেল থানা ও সোনালী ব্যাংক, সোনাগাজী শাখা থেকে ক্রয় করা যাবে।

আগ্রহী দরপত্রদাতা সংগৃহীত দরপত্র সিডিউল নিম্নলিখিত তারিখে ১.৩০ টার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী; সহকারী কমিশনার (ভূমি), সোনাগাজী এর কার্যালয় এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং প্রাপ্ত দরপত্র ঐ দিনই নিম্নস্বাক্ষরকারীর অফিসকক্ষে দুপুর ২.০০ ঘটিকায় দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। ডাকযোগে কোন দরপত্র গ্রহণযোগ্য নয়। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

| ক্র: নং | ইউনিয়নের নাম | হাট বাজারের নাম | ১ম বার দরপত্র দাখিলের তারিখ ও সময় | ২য় বার দরপত্র দাখিলের তারিখ ও সময় | ৩য় বার দরপত্র দাখিলের তারিখ ও সময় | ১৪৩১ বাংলা সনের সরকারী মূল্য | দরপত্র মূল্য (অফেরৎ যোগ্য) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০/০২/২০২৪ দুপুর ১.৩০ ঘটিকার মধ্যে | ১০/০৩/২০২৪ দুপুর ১.৩০ ঘটিকার মধ্যে | ২০/০৩/২০২৪ দুপুর ১.৩০ ঘটিকার মধ্যে | | |
| ১. | চরমজলিশপুর | কুঠির হাট | ঐ | ঐ | ঐ | ৮,৪৬,০৫৭/- | ২৪০০/- |
| ২. | বগাদানা | কাজিরহাট | ঐ | ঐ | ঐ | ১,৫৭,৫৮৭/- | ১০০০/- |
| ৩. | | তাকিয়া বাজার | ঐ | ঐ | ঐ | ৮১,৭৯৭/- | ৫০০/- |
| ৪. | মঙ্গলকান্দি | বক্তারমুন্সি | ঐ | ঐ | ঐ | ৭,৪২,৭৪২/- | ২২০০/- |
| ৫. | মতিগঞ্জ | রিয়াজউদ্দিন মুন্সিরহাট | ঐ | ঐ | ঐ | ২,৩৩,২০০/- | ১২০০/- |
| ৬. | | কুদ্দুছ মিয়ার হাট | ঐ | ঐ | ঐ | ৫৬,৩২২/- | ৫০০/- |
| ৭. | চরদরবেশ | কেরামতিয়া বাজার | ঐ | ঐ | ঐ | ১,৫১,৭৯২/- | ১০০০/- |
| ৮. | | দাসের হাট | ঐ | ঐ | ঐ | ৯,৩২৮/- | ৫০০/- |
| ৯. | | আদর্শগ্রাম কৃষি সমবায় সমিতি বাজার | ঐ | ঐ | ঐ | ৬,৩৬০/- | ৫০০/- |
| ১০. | চরচান্দিয়া | ভূঁঞার হাট | ঐ | ঐ | ঐ | ২,১২০/- | ৫০০/- |
| ১১. | | জমাদার বাজার | ঐ | ঐ | ঐ | ৪৯,২৩০/- | ৫০০/- |
| ১২. | | ওলামা বাজার | ঐ | ঐ | ঐ | ২,৮৬,২০০/- | ১২০০/- |
| ১৩. | সোনাগাজী | মনগাজী বাজার | ঐ | ঐ | ঐ | ১৫,১৯৪/- | ৫০০/- |
| ১৪. | | ভৈরবচৌধুরী হাট | ঐ | ঐ | ঐ | ৩৫,৪০০/- | ৫০০/- |
| ১৫. | আমিরাবাদ | সোনাপুর বাজার | ঐ | ঐ | ঐ | ১,৮৬,৩৪৮/- | ১০০০/- |
| ১৬. | | আমিরউদ্দিন মুন্সীর হাট | ঐ | ঐ | ঐ | ৫,২৪,০২৯/- | ১৬০০/- |
| ১৭. | নবাবপুর | নবাবপুর বাজার | ঐ | ঐ | ঐ | ৩০,০৬৯/- | ৫০০/- |
| ১৮. | | ভোরবাজার | ঐ | ঐ | ঐ | ১,৫০,১৬৭/- | ১০০০/- |

০৬.০২.২০২৪

(কামরুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
সোনাগাজী, ফেনী।
✆ ০১৭১৩-১৮৭৩১৯
ই-মেইল : unosonagazi@mopa.gov.bd

# শর্তাবলী:

১. বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২. দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ায় ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় সেক্ষেত্রে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্র দাতার নাম ঠিকানা ও বাজারের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট ঝুঁলিয়ে প্রচার করবেন।

৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/=টাকার ননজুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা মাজা, কাটাকাটি ও ত্রুটিপূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হবেনা।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারা অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭. চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫.০২.২০২৪
(কামরুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
সোনাগাজী, ফেনী।
✆ ০১৭১৩-১৮৭৩১৯
ই-মেইল : unosonagazi@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.২০.৩০৯৪.০০০.১৮.০০৩.২০২৪- ৭৬(১৫০)

তারিখ: ২২ মাঘ ১৪৩০
০৫ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। জেলা প্রশাসক, ফেনী।
৪। পুলিশ সুপার, ফেনী।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, ফেনী।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/রাজস্ব), ফেনী।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাগাজী, ফেনী।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর/দাগনভূঞা/ছাগলনাইয়া/ফুলগাজী/ পরশুরাম, ফেনী।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। সহকারী কমিশনার (ভূমি), সোনগাজী, ফেনী। (তাকে বিজ্ঞপ্তি নোটিশবোর্ডে টানিয়ে প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
২। উপজেলা..................................................কর্মকর্তা (সকল), সোনাগাজী।
৩। চেয়ারম্যান........................................... ইউনিয়ন পরিষদ, সোনাগাজী, ফেনী। (তাকে বিজ্ঞপ্তি নোটিশবোর্ডে টানিয়ে এবং মাইক/ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা................................................ ইউনিয়ন / পৌর ভূমি অফিস (সকল), সোনাগাজী, ফেনী (তাকে বিজ্ঞপ্তি নোটিশবোর্ডে টানিয়ে এবং মাইক/ঢোল সহরত নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
৫। সভাপতি/সম্পাদক................................................................ হাট বাজার ব্যবস্থাপনা কমিটি, সোনাগাজী।
৬। সম্পাদক,...........................................................................................।
৭। জনাব...........................................................................বিগত বৎসরের ইজারাদার, সোনাগাজী, ফেনী।
৮। নোটিশ বোর্ড/ অফিস নথি।

০৫.০২.২০২৪
(কামরুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
সোনাগাজী, ফেনী।